

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৩৯

আগরতলা, ১৩ জানুয়ারি, ২০২৬

প্রয়াত চাঁদ মোহন সাহাৰ স্মৃতিতে  
জিবিপি হাসপাতালে হুইলচেয়ার প্রদান



প্রয়াত চাঁদ মোহন সাহাৰ স্মৃতিৰ উদ্দেশ্যে অশোক পেট্রোলিয়াম এজেন্সি পরিবারের পক্ষ থেকে আজ আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতালে ১০টি হুইলচেয়ার প্রদান করা হয়। এই হুইলচেয়ারগুলি মূলত জিবিপি হাসপাতালে আগত রোগীদের এক বিভাগ থেকে অন্য বিভাগ ও বিভিন্ন ওয়ার্ডে যাতায়াত, পরীক্ষা-নিরীক্ষা ও চিকিৎসা পরিষেবায় যাতে কোনও অসুবিধা না হয়, সেই উদ্দেশ্যে প্রদান করা হয়েছে। হুইলচেয়ারগুলি আনুষ্ঠানিকভাবে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ও বিভাগীয় প্রধান ডাঃ বিধান গোস্বামীর হাতে তুলে দেওয়া হয়।

এই হুইলচেয়ার প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজের ভাইস প্রিন্সিপাল ডাঃ তপন মজুমদার, ডেপুটি মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডাঃ কনক চৌধুরী, ডেপুটি মেডিক্যাল সুপারিনটেনডেন্ট (আরকেএস) ডাঃ অভিজিৎ সরকার, আরএমও ডাঃ বিকাশ দেববর্মা, ইএনটি বিভাগের বিভাগীয় প্রধান ডাঃ বিপ্লব নাথ সহ এজিএমসি'র অন্যান্য ফ্যাকাল্টি সদস্যগণ। অনুষ্ঠান শেষে অশোক পেট্রোলিয়াম এজেন্সি পরিবারের পক্ষ থেকে হাসপাতালের ইমার্জেন্সি মেডিসিন ওয়ার্ডে রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হয়। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতালের পক্ষ থেকে অশোক পেট্রোলিয়াম এজেন্সি পরিবারকে ধন্যবাদ জানিয়েছেন। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*